নৌকাই একমাত্র ভরসা: পিরোজপুরের দেউলবাড়ী দোবড়া

written by Chandradip News24 | January 8, 2025

পিরোজপুরের নাজিরপুর উপজেলার ৩ নম্বর দেউলবাড়ী দোবড়া ইউনিয়নটি যোগাযোগ বিচ্ছিন্ন ও অবহেলিত একটি অঞ্চল। উপজেলা সদর থেকে প্রায় ১৩ কিলোমিটার দূরে অবস্থিত এই ইউনিয়নের মূল যোগাযোগব্যবস্থা খালের ওপর নির্ভরশীল।

বর্ষা ও শীতকালে ভোগান্তি চরমে ::
গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া অসংখ্য খাল বর্ষা মৌসুমে পানিতে নিমজ্জিত থাকে। তখন এই এলাকার মানুষের একমাত্র ভরসা নৌকা। অন্যদিকে শীতকালে খাল ও নদীগুলো কচুরিপানায় এমনভাবে আটকে যায়, নৌকা বা ট্রলারে চলাচল প্রায় অসম্ভব হয়ে পড়ে। শিক্ষার্থীদের স্কুলে যাওয়া তো দূরের কথা, এলাকার মানুষের স্বাভাবিক জীবনযাপনও থমকে যায়।

শিক্ষার্থী ও সাধারণ মানুষের দুর্ভোগ: এলাকার মানুষ বছরের প্রতিটি মৌসুমেই বৈঠা বেয়ে ঝুঁকি নিয়ে চলাচল করেন। বিশেষত শিক্ষার্থী ও শিক্ষকরা প্রতিনিয়তই এই যোগাযোগব্যবস্থার চরম ভোগান্তির শিকার হচ্ছেন। এলাকাবাসী উন্নত রাস্তাঘাটের জন্য দীর্ঘদিন ধরে দাবি জানালেও এখনো কোনো সমাধান আসেনি।

“মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”